অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/19/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ব্রঙ্কসে 72 ইউনিটের সাশ্রয়ী ও সমর্থক হাউজিং ডেভেলপমেন্টের কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

HELP হোম সিম্পসন 44 জন পূর্বে গৃহহীন থাকা প্রাপ্তবয়স্ককে অনসাইট সমর্থক সেবাসহ সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট প্রদান করে

ডেভেলপমেন্টে রয়েছে সেইন্ট পিটার্স ডেলিভারেন্স মিনিস্ট্রিজ থেকে খাদ্য প্যান্ট্রি এবং সম্প্রদায়ের সেবা

ফিতা কাটার ছবি এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ব্রঙ্কসের ফক্সহার্স্ট অংশে একটি 72 ইউনিটের সাশ্রয়ী ও সমর্থক হাউজিং ডেভেলপমেন্টের কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন। HELP হোম সিম্পসন (HELP Home Simpson) একটি একতলা গির্জার ভবনকে একটি শক্তি দক্ষ ডেভেলপমেন্ট দ্বারা প্রতিস্থাপিত করে যেখানে সেইন্ট পিটার্স ডেলিভারেন্স মিনিস্ট্রিজের (St. Peter's Deliverance Ministries) জন্য একটি খাদ্য প্যান্ট্রি পরিচালনা করা ও সম্প্রদায়ের সেবা প্রদান করার জন্য বাণিজ্যিক স্থান থাকবে।

"HELP হোম সিম্পসনের কাজ শেষ হওয়ার ফলে, 70টির বেশি ব্রঙ্কস পরিবারের কাছে এখন বাসা বলার মতো একটি নিরাপদ, আধুনিক, এবং সাশ্রয়ী স্থান থাকবে," **গভর্নর হোকল বলেন।**"মানসম্পন্ন সাশ্রয়ী বাসনের মজুত বৃদ্ধি করা, অতি গুরুত্বপূর্ণ সমর্থন ও সেবা পাওয়ার সুযোগ সম্প্রসারিত করা, এবং সকল নিউ ইয়র্কবাসী, বিশেষ করে গৃহহীন নিউ ইয়র্কবাসীর কাছে যাতে সমৃদ্ধির জন্য প্রয়োজনীয় নিরাপত্তা ও স্থিতিশীলতা থাকে তা নিশ্চিত করতে স্থানীয় সংগঠনগুলির সাথে নিবিড়ভাবে কাজ করার জন্য আমার প্রশাসন প্রতিশ্রুতিবদ্ধ রয়েছে।"

বিগত পাঁচ বছরে, নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal, HCR) ব্রঙ্কসে 14,700টি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করেছে। HELP হোম সিম্পসন এই প্রয়াসকে অব্যাহত রাখছে এবং এটি গভর্নর হোকলের 25 বিলিয়ন মার্কিন ডলারের সার্বিক আবাসন পরিকল্পনার (Housing Plan) সম্পূরক, যা পুরো নিউ ইয়র্কে স্টেটে 100,000 সাশ্রয়ী বাসা তৈরি ও সংরক্ষণ করবে, যার মধ্যে দুর্বল জনগোষ্ঠীর জন্য সমর্থক সেবাসহ 10,000 ইউনিট থাকবে, সেই সাথে অতিরিক্ত 50,000 বাসার বৈদ্যুতিকরণ করা হবে।

এলাকার মধ্যম আয় বা এর 60 শতাংশের কম উপার্জন করা গৃহস্থালির ক্রয়ক্ষমতার মধ্যে সাততলা ভবনটিতে 72টি অ্যাপার্টমেন্ট রয়েছে। দীর্ঘদিন ধরে গৃহহীন থাকা, সমর্থক সেবার প্রয়োজন আছে এমন অবিবাহিত প্রাপ্তবয়স্কদের স্বাধীনভাবে বাস করার জন্য জন্য চুয়াল্লিশটি অ্যাপার্টমেন্ট সংরক্ষিত থাকবে। এই বাসিন্দাদের জন্য নিউ ইয়র্ক সিটি 15/15 উদ্যোগ কর্তৃক অর্থায়িত এবং HELP USA, ইনকর্পোরেটেড (HELP USA, Inc.) প্রদত্ত সেবা পাওয়ার সুযোগ থাকবে।

ভবনের নিচ তলায় 8,500 বর্গফুটের বাণিজ্যিক স্থান থাকবে যা সেইন্ট পিটার্স ডেলিভারেন্স চার্চ তাদের মিনিস্ট্রি এবং সম্প্রদায়ের কর্মসূচি পরিচালনা করতে ব্যবহার করবে, এর মধ্যে একটি খাদ্য প্যান্ট্রি ও শিক্ষামূলক কর্মসূচি থাকবে। আবাসিক সুযোগ সুবিধার মধ্যে থাকবে ছাদের উপরের চত্বর, বাইক রাখার স্থান এবং কাপড় ধোয়ার ব্যবস্থা।

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) বহুপরিবারের নতুন নির্মাণ কর্মসূচির (Multifamily New Construction Program) বর্ধিত শক্তি দক্ষতা মানদণ্ড পূরণ করার জন্য ভবনটির নকশা করা হয়েছে। বৈশিষ্ট্যের মধ্যে রয়েছে শক্তি দক্ষ জানালা, এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স এবং বাতির ব্যবস্থা, এবং একটি আংশিক সবুজ ছাদ।

HELPডেভকো (HELPDevCo), CMC ডেভেলপমেন্ট এলএলসি (CMC Development LLC), এবং সেইন্ট পিটার্স ডেলিভারেন্স মিনিস্ট্রিজ চার্চ নিয়ে নির্মাণ দলটি গঠিত হয়েছে।

33 মিলিয়ন মার্কিন ডলারের ডেভেলপমেন্টটির জন্য স্টেট অর্থায়নের মধ্যে রয়েছে HCR এর 17.5 মিলিয়ন মার্কিন ডলারের নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট (Low-Income Housing Tax Credits) এবং NYSERDA এর 63,200 মার্কিন ডলার। নিউ ইয়র্ক সিটি আবাসন সংরক্ষণ ও বিকাশ বিভাগ (New York City Department of Housing Preservation and Development, HPD) সমর্থক আবাসন ঋণ কর্মসূচি থেকে 6 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। কমিউনিটি প্রিজার্ভেশন কর্পোরেশন (Community Preservation Corporation, CPC) ফ্রেডি ম্যাকের স্থায়ী ঋণ কর্মসূচির অধীনে 7.6 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে।

নিউ ইয়র্ক সিটি হোম এবং কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "HELP হোম সিম্পসন হলো ব্রঙ্কসজুড়ে সাশ্রয়ী আবাসনের সুযোগ সম্প্রসারিত করতে স্টেটের সর্বশেষ বিনিয়োগ। 70টির বেশি অ্যাপার্টমেন্ট এবং সেইন্ট পিটার্স ডেলিভারেন্স মিনিস্ট্রিজ প্রদত্ত সম্প্রদায়ের সেবার ফলে এই ডেভেলপমেন্টটি নিঃসন্দেহে জীবন বদলে দিবে এবং আরো বলীয়ান ও আরো সফল একটি সম্প্রদায় গঠন করবে। পুনর্গঠন করতে এই ভূমি উপলভ্য করার জন্য সেইন্ট পলস ডেলিভারেন্স চার্চের প্রতি, এবং ফক্সহার্স্টে নতুন এই বাসা প্রদানে সাহায্য করার জন্য আমাদের স্টেট, সিটি, এবং বেসরকারি অংশীদারদের প্রতি আমরা কৃতজ্ঞ।"

NYSERDA প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "আমরা যখন শক্তি দক্ষ জানালা, অ্যাপ্লায়েন্স এবং বাতির ব্যবস্থা ইনস্টল করার মাধ্যমে টেকসই ভবনের ব্যবস্থা গ্রহণ করি তখন আমাদের সর্বাধিক দুর্বল বাসিন্দাদের জন্য নিরাপদ ও আরামদায়ক

আবাসন প্রদান করা এবং শক্তির ব্যবহার ও ব্যয় হ্রাস যে একই সাথে হতে পারে তা প্রদর্শন করা নিউ ইয়র্ক অব্যাহত রেখেছে। সাশ্রয়ী আবাসন পাওয়ার অগ্রগামী চিন্তার পন্থাটি একটি সার্বিক ভাড়াটিয়া অভিজ্ঞতা ও সেবা প্রদান করে যা পুরো স্টেটের বিভিন্ন সম্প্রদায়ে প্রয়োগ করা যেতে পারে।"

স্টেটের সিনেটর লুইস সেপুলভেডা বলেন, "ব্রঙ্কসের প্রতিনিধিত্বকারী নিউ ইয়র্ক স্টেট সিনেটর হিসেবে, আমাদের সম্প্রদায়ে মানসম্পন্ন সাশ্রয়ী আবাসনের সরবরাহ বৃদ্ধি এবং অত্যাবশ্যকীয় সমর্থক সেবা প্রদান করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতির আমি প্রশংসা করছি। HELP হোম সিম্পসন ডেভেলপমেন্টের কাজ শেষ হওয়া হলো আমাদের মতো নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তা ও স্থিতিশীলতা নিশ্চিত করতে আমাদের সার্বিক প্রয়াসের প্রমাণস্বরূপ। আরো নিরাপদ, আরো অন্তর্ভুক্তিকর ব্রঙ্কস তৈরির জন্য এটি একটি উল্লেখজনক ধাপ।"

অ্যাসেম্বলি সদস্য কেনই বার্গোস বলেন, "HELP হোম সিম্পসনের মতো প্রকল্পকে যখন আমরা বাস্তব হতে দেখি তখন তা সম্প্রদায় ও সহযোগিতার ক্ষমতার প্রমাণস্বরূপ। ব্রঙ্কসের ফক্সহার্স্ট অংশে সাততলা এই 72 ইউনিটের সাশ্রয়ী ও সমর্থক হাউজিং ডেভেলপমেন্টটি শুধু সাশ্রয়ী আবাসনের অতি গুরুত্বপূর্ণ চাহিদা পূরণ করছে না, বরং এটি যাদের সর্বাধিক প্রয়োজন তাদের জন্য অত্যাবশ্যকীয় সেবাও প্রদান করছে। উদ্ভাবনী, সহানুভূতিশীল, এবং দায়িত্বশীল বিনিয়োগ কীভাবে একটি সম্প্রদায়কে রূপান্তর করে দিতে পারে এবং এর সকল বাসিন্দার জন্য উজ্জ্বলতর ভবিষ্যৎ প্রদান করতে পারে তার একটি উজ্জ্বল উদাহরণ এটি।"

ব্রঙ্কস বরোর প্রেসিডেন্ট ভ্যানেসা এল. গিবসন বলেন, "HELP হোম সিম্পসন হলো বরোর একটি স্বাগত সংযোজন যা আমাদের সেই বাসিন্দা ও পরিবারের জন্য সাশ্রয়ী আবাসন, র‍্যাপআরাউন্ড সেবা, শক্তি দক্ষতা, এবং অন্যান্য সুযোগ সুবিধা প্রদান করে যাদের এর সবথেকে বেশি প্রয়োজন রয়েছে। বাণিজ্যিক ও আবাসিক স্থানের সম্মিলন করা এই প্রকল্প, যা শুধু ডেভেলপমেন্টের ভাড়াটিয়াদের নয়, বরং ফক্সহার্স্ট সম্প্রদায়কেও সমর্থন করে, তাতে তাদের কাজের জন্য আমি গভর্নর ক্যাথি হোকল এবং তার দলকে ধন্যবাদ জানাতে চাই।"

HELPডেভকো প্রেসিডেন্ট ডেভিড ক্লেগহর্ন বলেন, "মানসম্পন্ন সাশ্রয়ী ও সমর্থক আবাসন প্রদান করা এবং একই সাথে সেইন্ট পিটার্স ডেলিভারেন্স মিনিস্ট্রিজ চার্চের মতো একটি গুরুত্বপূর্ণ সম্প্রদায়ের নোঙ্গর বহাল রাখার জন্য সম্প্রদায়ের একত্রিত হওয়ার একটি অসাধারণ উদাহরণ হলো হোম সিম্পসন। ডেভেলপমেন্ট দলটি এই ভূমির সর্বোচ্চ এবং সেরা ব্যবহার অর্জন করতে সহযোগিতা করে একটি সম্প্রদায়ের সম্পদ তৈরি করেছে যা বহু দশক ধরে টিকে থাকবে।"

HELP USA প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা টম হ্যামলিন বলেন "সবথেকে বেশি অভাবে থাকা ব্যক্তিদের মর্যাদাসহ বাস করার সেবা প্রদান করা আমাদের মিশনের কেন্দ্রে রয়েছে, এবং HELP হোম সিম্পসন ঠিক তাই করবে। আগামী মাসে আমি HELP USA এর নেতৃত্ব আমার উত্তরসূরি ড্যান লেহম্যানের কাছে হস্তান্তর করার প্রস্তুতি নিচ্ছি, সেই সময়ে এটি এবং এই ধরনের প্রকল্পকে অগ্রাধিকার প্রদানের জন্য আমি গভর্নর, HCR, NYSERDA এবং HPD এর প্রতি কৃতজ্ঞ।"

কমিউনিটি প্রিজার্ভেশন কর্পোরেশনের সহকারী ভাইস প্রেসিডেন্ট এবং মর্টগেজ কর্মকর্তা জ্যাসন অসবোর্ন বলেন, "HELP হোম সিম্পসন প্রকল্পটি একটি সম্প্রদায়ের অনন্য চাহিদা পূরণ করার জন্য আবাসনে মিশনচালিত বিনিয়োগের যে ক্ষমতা রয়েছে স্পষ্ট করে। CPC তে আমরা বিশ্বাস করি যে আমাদের সবথেকে দুর্বল নাগরিকদের বাসা বলার মতো একটি সাশ্রয়ী স্থান, এবং মর্যাদা ও সম্মান নিয়ে বিশ্বাস করার একটি সমর্থক পরিবেশ দেওয়ার আবাসন প্রকল্পে সহযোগিতা করা গুরুত্বপূর্ণ। গভর্নর হোকল এবং HCR ও NYSERDA এ তার দল, HPD, এবং HELP এ আমাদের দীর্ঘদিনের অংশীদারদের, এবং নিউ ইয়র্ক সিটিকে সকলের জন্য আরো সাশ্রয়ী ও সমতার করার জন্য কাজ করা সকল স্টেকহোল্ডারকে আমার ধন্যবাদ।"

সেইন্ট পিটার্স ডেলিভারেন্স মিনিস্ট্রিজের প্যাস্টর ও প্রধান নির্বাহী কর্মকর্তা শান্টে এজহিল বলেন, "আমি যেই সম্প্রদায়ে বড় হয়েছি সেখানে প্রভাব ফেলতে পারা এবং একই সাথে নিউ ইয়র্ক সিটি এবং ব্রঙ্কসের ইতিহাস চিরতরে বদলে দিতে পারা, এগুলি কয়েক শত পরিবারের জন্য প্রভাবশালী হবে। নির্মাতার দল, HELPডেভকো এবং CMC ডেভেলপমেন্ট কর্পের সাথে আমার ভূমি ভাগ করতে পেরে আমি অত্যন্ত কৃতজ্ঞ, যার ফলে আমরা এই সম্প্রদায়ে ঈশ্বরের সমাধান বাস্তবায়ন করার মহানতম সুযোগ পেয়েছি।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন